রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জুন ৪, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্বাস্থ্য সেবা বিভাগ

অটিজম ও স্নায়ু-বিকাশজনিত সমস্যা বিষয়ক সেল

প্রজ্ঞাপন

তারিখ: ০১ জুন ২০২২ খ্রিঃ

বিষয় : **"জাতীয় মানসিক স্বাস্থ্য নীতি, বাংলাদেশ-২০২২" এর গেজেট প্রকাশনা প্রসঙ্গে।**

সূত্র : **মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং-০৪.০০.০০০০.৩১১.০৬.১১১.২২.২৮৯, তারিখ : ২২-০৫-২০২২ খ্রিঃ**

নং **৪৫.০০.০০০০.১৭১.২২.০০৩.২০১৯(অংশ)-৩৬**—উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৯ মে ২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে "জাতীয় মানসিক স্বাস্থ্য নীতি, বাংলাদেশ-২০২২" এর অনুমোদন করা হয়েছে।

এমতাবস্থায়, উক্ত নীতির বাংলা ও ইংরেজি ভার্সন নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রকাশ করা হলো।

ডা: এ এম পারভেজ রহিম
প্রধান সমন্বয়ক (যুগ্মসচিব)
অটিজম ও এনডিডি সেল।

মূল্য : টাকা ৭০.০০

জাতীয় মানসিক স্বাস্থ্য নীতি, বাংলাদেশ-২০২২

সারসংক্ষেপ (Executive Summery)

ভূমিকা

বর্তমান বিশ্বে উন্নয়নশীল ও উন্নত দেশসমূহে মানসিক স্বাস্থ্য ও সুস্থতার গুরুত্ব ক্রমশ স্বীকৃতি পেতে শুরু করেছে। সেইসঙ্গে মানসিক স্বাস্থ্য সমস্যার গ্লোবাল ডিজিজ বার্ডেনের বিষয়টিও গুরুত্ব পাচ্ছে। এরই পরিপ্রেক্ষিতে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) তার সদস্য রাষ্ট্রসমূহকে নিজ নিজ জাতীয় মানসিক স্বাস্থ্য নীতি প্রণয়ন এবং পরিকল্পনা সফল করার জন্য বিশেষ গুরুত্ব দিচ্ছে। উল্লেখ্য যে, বিশ্ব স্বাস্থ্য সংস্থা প্রদত্ত সংজ্ঞানুযায়ী স্বাস্থ্যের একটি মৌলিক উপাদান হলো মানসিক সুস্থতা এবং তা ইউনিফাইড গ্লোবাল এজেন্ডা (Unified Global Agenda)-তে অন্তর্ভুক্ত। ২০১৫ খ্রিষ্টাব্দে বিশ্ব-নেতৃবৃন্দ টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা (SDG) নির্ধারণকালে টেকসই উন্নয়নের লক্ষ্যে মানুষের আচরণগত, বিকাশজনিত এবং স্নায়বিক জটিলতাসহ সকল অসংক্রামক রোগ প্রতিরোধ ও চিকিৎসা ব্যবস্থাকে একটি বড় চ্যালেঞ্জ হিসাবে গ্রহণ করেন এবং এসব বিষয়কে অগ্রাধিকার দেওয়ার বিষয়ে প্রতিশ্রুতিবদ্ধ হন। মানসিক সুস্বাস্থ্য ব্যক্তিকে তার সম্ভাবনা ও সক্ষমতাকে বুঝতে সাহায্য করে, দৈনন্দিন চাপ মোকাবিলা করে উৎপাদনশীল কাজের মাধ্যমে সমাজে ভূমিকা রাখতে সক্ষম করে তোলে।

বাংলাদেশে প্রাপ্ত বয়স্কদের মধ্যে ১৮.৭ শতাংশ এবং শিশুকিশোরদের মধ্যে ১২.৬ শতাংশের মানসিক সমস্যা বিদ্যমান। সমস্যার ব্যাপকতা বিবেচনা করে মানসিক স্বাস্থ্য উন্নয়নের বিষয়টিকে রাষ্ট্রীয় পর্যায়ে সর্বাধিক গুরুত্ব দেওয়া প্রয়োজন। দেশে মানসিক স্বাস্থ্য পেশাজীবীদের সংখ্যা অপর্যাপ্ত এবং বেশিরভাগ সেবাসমূহ বড় বড় শহরে কেন্দ্রীভূত। সমাজে মানসিক স্বাস্থ্য নিয়ে নেতিবাচক ভ্রান্ত ধারনা রয়েছে। সামাজিক অমর্যাদা ও বৈষম্যের কারণে মানসিক সমস্যাসমূহ চিকিৎসাসেবার আওতার বাইরে (Treatment Gap) থেকে যাচ্ছে ও উল্লেখযোগ্য পারিবারিক ও সামাজিক প্রভাব পড়ছে।

যৌক্তিকতা (Rationale)

'জাতীয় মানসিক স্বাস্থ্য নীতি' প্রণয়ন একটি রাষ্ট্রের জনগোষ্ঠীর মানসিক স্বাস্থ্য উন্নয়নে অন্যতম প্রয়োজনীয় পদক্ষেপ। সার্বিকভাবে মানসিক স্বাস্থ্য বিষয়ক একটি জাতীয় নীতির রূপকল্প অনুযায়ী মানসিক স্বাস্থ্য-সম্পর্কিত সকল কর্মসূচি ও সেবা সমন্বিত হয়ে থাকে।

এই নীতি, বৈশ্বিক ও আঞ্চলিক চিন্তাধারার আলোকে স্থানীয় প্রেক্ষাপটে সর্বোত্তম জ্ঞান ও চর্চার উপর গুরুত্ব আরোপ করবে। মানসিক স্বাস্থ্যের সামাজিক সূচকসমূহ, যেমন - দারিদ্র্য, পরিবেশগত সমস্যা, শিক্ষা ইত্যাদিকে এই নীতিতে যথাযথ স্বীকৃতি দেয়া হয়েছে। মানসিক স্বাস্থ্য, বাংলাদেশের সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নের একটি অবিচ্ছেদ্য অংশ। জাতিসংঘের ইউএনসিআরপিডি (UNCRPD) কনভেনশন অনুযায়ী প্রতিবন্ধী ব্যক্তিদের মানবাধিকারের বিষয়টিকে গুরুত্ব সহকারে বিবেচনা করা হয়েছে। স্নায়ুবিকাশজনিত (Neuro-developmental) প্রতিবন্ধী শিশুদের পরিচর্যাকারীগণের মানসিক স্বাস্থ্যের বিষয়টি গুরুত্বের সঙ্গে জাতীয় মানসিক স্বাস্থ্য নীতিতে অন্তর্ভুক্ত হয়েছে।

প্রক্রিয়া (Process)

মানসিক স্বাস্থ্যের প্রয়োজনীয়তা, সেবার সহজলভ্যতা, মাঠপর্যায়ের অভিজ্ঞতা এবং দেশি-বিদেশি বিশেষজ্ঞদের মতামতের উপর ভিত্তি করে জাতীয় মানসিক স্বাস্থ্য নীতি প্রণয়ন করা হয়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার কারিগরি সহায়তায় জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউটে সরকারি, বেসরকারি, আন্তর্জাতিক বিভিন্ন সংস্থার প্রতিনিধি, পেশাজীবী সমিতি, বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি এবং মানসিক স্বাস্থ্য সমস্যা রয়েছে এমন ব্যক্তি ও তাদের পরিবারের সদস্যদের সমন্বয়ে একাধিক আলোচনা ও পরামর্শমূলক সভা হতে প্রাপ্ত সুপারিশসমূহ পর্যালোচনাক্রমে এই নীতিমালা চূড়ান্ত করা হয়েছে।

রূপকল্প (Vision)

ব্যক্তি-ক্ষমতায়ন, পারিবারিক ও সামাজিক সহায়তা এবং সক্ষমতা বৃদ্ধির ভিত্তিতে মানসিক স্বাস্থ্যের উন্নয়ন, রোগ প্রতিরোধ, চিকিৎসা ও পুনর্বাসনের মাধ্যমে মানসিক স্বাস্থ্য ও সুস্থতা নিশ্চিত করাই জাতীয় মানসিক স্বাস্থ্য নীতির রূপকল্প। এই লক্ষ্যে সমাজের সকল স্তরের মানুষের সিদ্ধান্ত গ্রহণে অংশীদারিত্ব জরুরি।

মূল্যবোধ (Values)

এ নীতির মূল্যবোধ ও আদর্শ হলো সমতা ও ন্যায়বিচার, সমন্বিত যত্ন, প্রমাণভিত্তিক পরিষেবা (Evidence-based Practice), সামগ্রিক সেবার সমন্বয়, গুণগত মান নিশ্চিতকরণ, অধিকারভিত্তিক সেবা পদ্ধতি, সামাজিক পরিচর্যা, আন্তঃখাতভিত্তিক সহযোগিতা এবং জীবনযাত্রার মানোন্নয়নের কৌশল গ্রহণ।

উদ্দেশ্য (Objectives)

এ নীতির উদ্দেশ্যসমূহ :

- মানসিক স্বাস্থ্যবান্ধব সুখী সমাজ প্রতিষ্ঠার লক্ষ্যে মানসিক স্বাস্থ্যের জন্য কার্যকর নেতৃত্ব ও সুশাসনকে শক্তিশালী করা;
- স্বাস্থ্যসেবার সকল স্তরে (Primary, Secondary, Tertiary) মানসিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করা, মানসিক স্বাস্থ্য সমস্যা রয়েছে এমন ব্যক্তিদের জন্য সমন্বিত সেবা সহজলভ্য করা এবং ঝুঁকিপূর্ণ ও নাজুক জনগোষ্ঠীর জন্য স্বাস্থ্যসেবার পরিসর বৃদ্ধি করা;
- মানসিক স্বাস্থ্য উন্নয়ন, মানসিক স্বাস্থ্য সমস্যা প্রতিরোধ ও এ সম্পর্কিত নেতিবাচক ভ্রান্ত ধারণাসমূহ মোকাবিলা করে এ বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা;
- পুনর্বাসনের মাধ্যমে মানসিক স্বাস্থ্য সমস্যা রয়েছে এমন ব্যক্তিদের আরোগ্য লাভের জন্য সহযোগিতা করা;
- দুর্যোগ, আঘাত ও মানবিক জরুরি অবস্থা বা পরিস্থিতিতে আক্রান্ত ব্যক্তিদের মানসিক স্বাস্থ্যসেবা এবং মনোসামাজিক সহায়তা প্রদান;

- মানসিক স্বাস্থ্য সমস্যা রয়েছে এমন শিশুকিশোর ও স্নায়ুবিকাশজনিত (Neuro-developmental) প্রতিবন্ধী ব্যক্তিদের প্রতি বিশেষ মনোযোগ দেয়া;
- উন্নত মানসিক স্বাস্থ্য নিশ্চিতকল্পে দক্ষ মানবসম্পদের প্রাপ্যতা ও সমবণ্টন নিশ্চিত করা;
- বৈজ্ঞানিক তথ্য-উপাত্ত, প্রমাণ ও গবেষণার মান উন্নয়ন করা;
- মানসিক স্বাস্থ্য সমস্যা রয়েছে এমন ব্যক্তিদের অধিকার ও সুরক্ষা নিশ্চিত করা;
- মানসিক স্বাস্থ্যের গুরুত্ব এবং মাদকদ্রব্যের অপব্যবহারের কুফল অন্তর্ভুক্ত করে শিক্ষা পাঠ্যক্রম আধুনিকায়ন করা;
- বিভিন্ন অংশীজনের প্রতিনিধিত্ব নিশ্চিত করা;
- মাদকদ্রব্যের অপব্যবহার এবং মাদকাসক্তি মোকাবিলা করার বিষয়কে গুরুত্ব দেয়া;
- আত্মহত্যার ঘটনা ও ঝুঁকি হ্রাস এবং আত্মহত্যার প্রচেষ্টা কমানো;
- মানসিক স্বাস্থ্য সমস্যা রয়েছে এমন ব্যক্তির সেবাদানকারীদের বহুখাতভিত্তিক কৌশলে সহায়তা দেয়া;
- মানসিক স্বাস্থ্য পেশাজীবী এবং পরিষেবার জন্য একটি নিয়ন্ত্রক সংস্থা (Regulatory Body) প্রতিষ্ঠা করা।

কাজের ক্ষেত্রসমূহ (Areas of action)

মানসিক স্বাস্থ্য উন্নয়নের জন্য এই নীতি নানামুখী কর্মকৌশল বিবেচনা করবে, যেমন- সমন্বয়, অর্থায়ন, সেবা ব্যবস্থাপন, মানসিক স্বাস্থ্যের উন্নয়ন, মানসিক স্বাস্থ্য ঝুঁকি প্রতিরোধ ও পুনর্বাসন, স্বাস্থ্য ব্যবস্থার সকল স্তরে মানসিক স্বাস্থ্যসেবা ব্যবস্থাপন, ঝুঁকিপূর্ণ ও নাজুক জনগোষ্ঠীর মানসিক স্বাস্থ্যসেবা, দক্ষ মানবসম্পদ উন্নয়ন, মানসিক স্বাস্থ্য পেশাজীবীর নিবন্ধন, সনদ মূল্যায়ন ও নৈতিকতা চর্চা, ই-মানসিক স্বাস্থ্যসেবা প্রদান, প্রমাণ-ভিত্তিক গবেষণা ও নির্দেশনা তৈরি করা, স্নায়ুবিকাশজনিত (Neuro-developmental) প্রতিবন্ধী ব্যক্তির পরিচর্যা, আত্মহত্যা প্রতিরোধ, মাদক ও অন্যান্য আসক্তিজনিত সমস্যা মোকাবেলা, যেকোন দূর্যোগকালীন সময়ে মনোসামাজিক সেবা এবং রোগী ও সেবাদানকারীদের অধিকার সংরক্ষণ ইত্যাদি।

ভবিষ্যৎ পরিকল্পনা

জাতীয় মানসিক স্বাস্থ্য কর্ম-পরিকল্পনার উদ্দেশ্য নানামুখী নীতির বাস্তবায়ন। এই নীতির বিবৃত বিষয়সমূহ সরকারের আশ্বাসের একটি অংশ এবং মানসিক স্বাস্থ্য সমস্যা প্রতিরোধ ও উন্নয়নের প্রতি সরকারের রাজনৈতিক অঙ্গীকারের প্রতিফলন। সরকারের বিভিন্ন অংশীজন ও জনগণের মধ্যে এই নীতি সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য প্রচারণার নানামুখী কৌশল গ্রহন করা হবে। নীতিমালা সমর্থন ও অর্থায়নের জন্য রাজনৈতিক ও জনসমর্থন সৃষ্টির লক্ষ্যে সকল স্তরে এ বিষয়গুলোর প্রচারণা করা হবে।

১. ভূমিকা

বৈশ্বিক প্রেক্ষাপট

উন্নয়নশীল ও উন্নত উভয় ধরনের দেশে মানসিক স্বাস্থ্যের গুরুত্ব ও বৈশ্বিক সচেতনতা ক্রমবর্ধনশীল। বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) মতে, বিশ্বব্যাপী প্রায় ৪৫ কোটি (৪৫০ মিলিয়ন) মানুষ মানসিক ও স্নায়বিক সমস্যার কারণে ক্ষতিগ্রস্ত। গ্লোবাল ডিজিজ বার্ডেনের ১৩ শতাংশের জন্য মানসিক স্বাস্থ্য সমস্যা দায়ী। ২০৩০ খ্রিষ্টাব্দ নাগাদ এটি বৃদ্ধি পেয়ে প্রায় ১৫ শতাংশে পৌঁছবে বলে আশঙ্কা করা হচ্ছে। ২০৩০ খ্রিষ্টাব্দ নাগাদ বিষণ্নতা গ্লোবাল ডিজিজ বার্ডেনের শীর্ষে পৌঁছাবে বলে অনুমান করা হচ্ছে। প্রতিবছর বিশ্বব্যাপী প্রায় দশ লক্ষ মানুষের আত্মহত্যার ৯০ শতাংশের জন্য দায়ী মানসিক স্বাস্থ্য সমস্যা। মানসিক স্বাস্থ্য সংকটের কারণে শারীরিকভাবে অসুস্থ হওয়ার ঝুঁকি বেশি থাকে; এই সমস্যার কারণে সৃষ্ট অর্থনৈতিক এবং সামাজিক প্রভাবও কম নয়। মানসিক স্বাস্থ্য সমস্যার নানা ধরনের কার্যকরী চিকিৎসা থাকলেও বহু নিম্ন আয়ের দেশে চিকিৎসার আওতার বাইরে থাকার হার বা ট্রিটমেন্ট গ্যাপ (Treatment Gap) ৭৫ শতাংশেরও বেশি।

সুস্বাস্থ্য ও কল্যাণের একটি অবিচ্ছেদ্য অঙ্গ হলো মানসিক স্বাস্থ্য। বিশ্ব স্বাস্থ্য সংস্থার সংজ্ঞা অনুসারে কেবল রোগ, জরাগ্রস্ততা বা অক্ষমতার অনুপস্থিতি নয়; শারীরিক, মানসিক ও সামাজিকভাবে সম্পূর্ণ ভালো থাকাই হচ্ছে স্বাস্থ্য। মানসিক স্বাস্থ্য এবং মানসিক সমস্যার বৈশিষ্ট্যগুলো কেবল ব্যক্তির নিজস্ব বিষয়ের (যেমন- চিন্তা, চেতনা, আবেগ, আচরণ এবং অন্যদের সঙ্গে মিথস্ক্রিয়ার ক্ষমতা) উপর নির্ভর করে না। এটি সামাজিক, সাংস্কৃতিক, অর্থনৈতিক, রাজনৈতিক ও পারিপার্শ্বিক বিষয় যেমন- জাতীয় নীতি, সামাজিক সুরক্ষা, জীবনযাত্রার মান, কাজের পরিবেশ এবং সামাজিক সহায়তার ওপরও নির্ভর করে। শৈশব ও কৈশোরে প্রতিকূল পরিস্থিতির মুখোমুখি হওয়া মানসিক স্বাস্থ্য সমস্যার জন্য ঝুঁকিপূর্ণ যা একটি প্রতিরোধযোগ্য বিষয়। এই বিষয়গুলোকে মোকাবিলা করতে সামগ্রিকভাবে সরকারি উদ্যোগে প্রচার, মানসিক স্বাস্থ্যের উন্নয়ন, মানসিক স্বাস্থ্য সমস্যার প্রতিরোধ, চিকিৎসা এবং পুনর্বাসন অন্তর্ভুক্ত করার মাধ্যমে বিস্তারিত কৌশল বিবেচনায় আনতে হবে।

২০১২ খ্রিষ্টাব্দে অনুষ্ঠিত ওয়ার্ল্ড হেলথ এসেম্বলির (WHA) ৬৫তম অধিবেশনে বৈশ্বিক মানসিক স্বাস্থ্যের অবস্থার উপর WHA ৬৫.৪ সিদ্ধান্ত-প্রস্তাব (Resolution) অনুমোদন করে এবং স্বাস্থ্য ও সমাজভিত্তিক সমন্বিত মিথস্ক্রিয়ার প্রয়োজনীয়তাকে স্বীকার করে। এরই পরিপ্রেক্ষিতে ওয়ার্ল্ড হেলথ এসেম্বলির (WHA) ৬৬তম অধিবেশনে একটি বিস্তারিত মানসিক স্বাস্থ্য কর্ম-পরিকল্পনা ২০১৩-২০২০ (Comprehensive Mental Health Action Plan 2013-2020) গৃহীত হয়েছিল।

অটিজম ও স্নায়ুবিকাশজনিত (Neuro-developmental) প্রতিবন্ধিতা সম্পর্কিত বিষয়ে বাংলাদেশ সরকারের দৃঢ় রাজনৈতিক অঙ্গীকার রয়েছে। ২০১১ খ্রিষ্টাব্দের জুলাই মাসে বাংলাদেশ অটিজম সম্পর্কিত বৃহত্তম আঞ্চলিক সম্মেলন আয়োজন করে। এই সম্মেলনে অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডার (Autism Spectrum Disorder) বিষয়ে 'ঢাকা ঘোষণা'কে (Dhaka Declaration) বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ-পূর্ব এশিয় অঞ্চলের সাতটি দেশ অনুমোদন দেয়। দক্ষিণ-পূর্ব এশিয়ার আঞ্চলিক কার্যালয় 'ঢাকা ঘোষণা'কে 'অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডার (Autism Spectrum Disorder) ও স্নায়ুবিকাশজনিত (Neuro-developmental) প্রতিবন্ধিতাসম্পন্ন ব্যক্তির পরিচর্যা ও ব্যবস্থাপনার বিস্তারিত ও সমন্বিত প্রচেষ্টা' হিসাবে উল্লেখ করেছে।

মানসিক স্বাস্থ্য ও কল্যাণ এবং মানসিক স্বাস্থ্য সেবার উন্নয়ন টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (Sustainable Development Goals) অর্জনের একটি অবিচ্ছেদ্য অংশ, বিশেষ করে:

- এসডিজি ৩, টার্গেট ৩.৪ : প্রতিরোধ ও চিকিৎসার মাধ্যমে ২০৩০ সালের মধ্যে অসংক্রামক রোগের কারণে অকাল মৃত্যু এক-তৃতীয়াংশ কমিয়ে আনা এবং মানসিক সুস্থতা ও কল্যাণ নিশ্চিতে সহায়তা প্রদান।
- এসডিজি ৩, টার্গেট ৩.৮ : সকলের জন্য অসুস্থতাজনিত আর্থিক ঝুঁকিতে নিরাপত্তা মান সম্মত অপরিহার্য স্বাস্থ্যসেবা এবং সাশ্রয়ী মূল্যে নিরাপদ কার্যকর মানসম্মত আবশ্যক ঔষধ ও টিকা সুবিধাপ্রাপ্তির পথ সুগম করা সহ সর্বজনীন স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্য অর্জন।

উপরন্তু, মানসিক স্বাস্থ্যের উন্নতি এবং মানসিক স্বাস্থ্য সমস্যায় আক্রান্ত ব্যক্তিদেরকে সমাজে অন্তর্ভুক্তি ও তাদের মানবাধিকার সুরক্ষা করা গেলে অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক এসডিজি ৮, এসডিজি ১০ এবং অন্যান্য এসডিজির লক্ষ্য পূরণ সহজ হবে।

- এসডিজি ৮, লক্ষ্য ৮.৫ : ২০৩০ সালের মধ্যে যুবসমাজ ও প্রতিবন্ধী জনগোষ্ঠীসহ সকল নারী ও পুরুষের জন্য পূর্ণকালীন উৎপাদনশীল কর্মসংস্থান ও শোভন কর্মযোগ সৃষ্টির লক্ষ্য অর্জন এবং সমপরিমাণ সমমর্যাদার কাজের জন্য সমান মজুরি প্রদান নিশ্চিত করা।
- এসডিজি ১০, ১০.২ : বয়স, লিঙ্গ, প্রতিবন্ধিতা, জাতিসত্তা, নৃতাত্ত্বিক পরিচয়, উৎস (জন্মস্থান), ধর্ম অথবা অর্থনৈতিক বা অন্যান্য অবস্থা নির্বিশেষে ২০৩০ সালের মধ্যে সকলের ক্ষমতায়ন এবং এদের সামাজিক অর্থনৈতিক ও রাজনৈতিক অন্তর্ভুক্তির প্রবর্ধন।
- এসডিজি ১০, ১০.৩ : বৈষম্যমূলক আইন, নীতিমালা ও প্রথার অবসান ঘটিয়ে এবং যথোপযুক্ত আইন, নীতিমালা প্রণয়ন ও কর্মব্যবস্থা গ্রহণের মাধ্যমসহ বিভিন্ন উদ্যোগের সুফল ভোগের ক্ষেত্রে বৈষম্য হ্রাসসহ সকলের জন্য সমান সুযোগ নিশ্চিত করা।

যৌক্তিকতা (Rationale)

মানসিক স্বাস্থ্য যখন জনস্বাস্থ্য এবং সরকারি নীতিমালার একটি অপরিহার্য উপাদান হিসেবে থাকে তখন এর ফলাফলও অনেক আশাপ্রদ হয় (৫)। একটি পূর্ণাঙ্গ মানসিক স্বাস্থ্য নীতি জনগণের মানসিক স্বাস্থ্য উন্নয়নের একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। জাতীয় মানসিক স্বাস্থ্য নীতি বাংলাদেশে মানসিক স্বাস্থ্য সমস্যা মোকাবিলার ভিত্তি প্রতিষ্ঠায় একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসাবে কাজ করবে। এই নীতি মানসিক স্বাস্থ্য সমস্যার প্রতিরোধ, চিকিৎসা, পুনর্বাসন ও সচেতনতা সৃষ্টির জন্য একটি সার্বিক দৃষ্টিভঙ্গি, মূল্যবোধ, উদ্দেশ্য এবং কর্মপদ্ধতির মাধ্যমে সামগ্রিক নির্দেশনা দেবে। এ নীতিমালার উপর ভিত্তি করে গড়ে উঠবে জাতীয় মানসিক স্বাস্থ্য কর্ম-পরিকল্পনা, কর্মসূচি এবং পরিষেবা-সম্পর্কিত সকল কার্যক্রম।

মানসিক স্বাস্থ্য বিষয়ক নেতিবাচক ভ্রান্ত ধারণা ও কুসংস্কার বাংলাদেশে মানসিক স্বাস্থ্য সমস্যা উত্তরণের পথে একটি বড় অন্তরায়। জনগোষ্ঠীকে এই নেতিবাচক ভ্রান্ত ধারণা ও কুসংস্কার থেকে মুক্ত করতে সমন্বিত কার্যক্রম চালানো প্রয়োজন। স্নায়ুবিকাশজনিত (Neuro-developmental) প্রতিবন্ধিতার ক্রমবর্ধমান হারের পরিপ্রেক্ষিতে এই ধরনের সমস্যাকেও বিশেষ গুরুত্ব দিতে হবে। সেইসঙ্গে এদের সেবাদানকারীদের (Caregiver) দিকেও নজর দিতে হবে। (যেমন- অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডার সম্পন্ন ব্যক্তিদের মায়ের মধ্যে বিষণ্নতাসহ অন্যান্য মানসিক স্বাস্থ্য সংকটের হার অনেক বেশি।)

প্রক্রিয়া (Process)

জনগোষ্ঠীর মানসিক স্বাস্থ্য চাহিদা, সহজলভ্য সেবা, পাইলট প্রকল্প, সেসঙ্গে অন্যান্য দেশের এবং আন্তর্জাতিক বিশেষজ্ঞদের অভিজ্ঞতার উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে 'জাতীয় মানসিক স্বাস্থ্য নীতি'। সরকারের প্রতিনিধি, আন্তর্জাতিক সংস্থা, পেশাজীবী সংস্থা, বিশ্ববিদ্যালয় এবং বেসরকারি সংস্থাসমূহ (এনজিও)-এর প্রতিনিধিদের সমন্বয়ে বিস্তারিত পরামর্শ ও আলাপ আলোচনার মাধ্যমে এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার কারিগরি সহায়তায় একটি ওয়ার্কিং গ্রুপ জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতালে নীতিমালা প্রণয়নের কাজটি সম্পন্ন করে।

উল্লেখ্য যে, প্রস্তাবিত জাতীয় মানসিক স্বাস্থ্য নীতি বিশ্ব স্বাস্থ্য সংস্থার 'সার্বিক মানসিক স্বাস্থ্য কর্ম-পরিকল্পনা ২০১৩-২০২০ এর অংশ, যা ৬৬তম ওয়ার্ল্ড হেলথ এসেম্বলিতে (WHA 66.8) গৃহীত হয়েছিল।

মানসিক স্বাস্থ্য সমন্বিত অন্যান্য জাতীয় নথিপত্র

মানসিক স্বাস্থ্য বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নের একটি অবিচ্ছেদ্য অংশ। নিম্নলিখিত নথিপত্রের মূল নীতিসমূহ মানসিক স্বাস্থ্য নীতিতে অন্তর্ভুক্ত করা হয়েছে :

- বাংলাদেশ স্বাস্থ্য নীতি ২০১১,
- জাতীয় গ্রামীণ উন্নয়ন নীতি ২০০১,
- বাংলাদেশ জাতীয় সুরক্ষা কৌশল ২০১৪,
- বাংলাদেশ : দারিদ্র্য বিমোচন কৌশলপত্র, ২০১১
- সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে টেকসই উন্নয়ন ২০১৫।

প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার বিষয়ক জাতিসংঘের সাধারণ পরিষদের কনভেনশন ও অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডার (Autism Spectrum Disorders) (WHA 67.8) এর সমন্বিত কার্যক্রমে ২০১৪ খ্রিষ্টাব্দের মে মাসে ওয়ার্ল্ড হেলথ এসেম্বলির ৬৬তম অধিবেশনে বাংলাদেশ ইতোমধ্যে অনুসমর্থন দিয়েছে। এ ছাড়া বাংলাদেশে প্রতিবন্ধীদের অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ (২০১৩ সনের ৩৯ নং আইন) এবং নিউরোডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন, ২০১৩ (২০১৩ সনের ৫২ নং আইন) প্রণয়ন করা হয়েছে।

বাংলাদেশ জাতীয় সংসদ ২০১৮ খ্রিষ্টাব্দের অক্টোবর মাসে 'মানসিক স্বাস্থ্য আইন, ২০১৮' প্রণয়ন করে। এটি মানসিক স্বাস্থ্যসেবার উন্নয়নের জন্য একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। এই আইন মানসিক স্বাস্থ্য সমস্যা বিষয়ে ব্যক্তির অধিকারকে সুরক্ষা দেয়। জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট, ঢাকা 'বাংলাদেশে প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যায় মানসিক স্বাস্থ্যসেবা অন্তর্ভুক্তকরণ'-এ একটি কর্মকৌশল তৈরি করেছে। এই কর্মকৌশলের উপর ভিত্তি করে সমাজভিত্তিক মানসিক স্বাস্থ্য সেবাসমূহ, যেমন- স্বাস্থ্য পেশাজীবীদের প্রশিক্ষণ ও সচেতনতা কর্মসূচি ও কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

২. মানসিক স্বাস্থ্যের বৈশ্বিক ও আঞ্চলিক প্রেক্ষাপট

বিশ্ব স্বাস্থ্য সংস্থার ৭২ শতাংশ সদস্য রাষ্ট্রের স্বতন্ত্র মানসিক স্বাস্থ্য নীতি বা পরিকল্পনা আছে; ৫৭ শতাংশের স্বতন্ত্র মানসিক স্বাস্থ্য আইন আছে। তবে অনেক দেশে নীতিমালা ও আইনগুলো মানবাধিকার রক্ষণের সঙ্গে পুরোপুরিভাবে সম্পৃক্ত নয়। এই নীতিমালা ও আইনগুলোতে মানসিক স্বাস্থ্য সমস্যায় আক্রান্ত ব্যক্তি ও তার পরিবারের সদস্যদের অর্ন্তভুক্তি পরিপূর্ণ নয় এবং ক্ষেত্রবিশেষে আংশিক বাস্তবায়ন হয়েছে।

জনসাধারণের মানসিক স্বাস্থ্য খাতে ব্যয় নিম্ন এবং মধ্যম আয়ের দেশে খুবই অল্প (মাথাপিছু ২ ডলারের কম)। তহবিলের একটি বড় অংশ ভর্তি রোগীর খাতে, বিশেষত মানসিক হাসপাতালগুলোতে ব্যয় হয়। বিশ্বব্যাপী গড়ে মানসিক স্বাস্থ্য কর্মীর সংখ্যা প্রতি ১০০,০০০ জনে মাত্র ৯ জন। তবে এক্ষেত্রে চরম বৈসাদৃশ্য রয়েছে (নিম্ন আয়ের দেশগুলোতে প্রতি ১০০,০০০ জনে একজন থেকে উচ্চ আয়সম্পন্ন দেশে প্রতি ১০০,০০০ জনে ৭২-এর বেশি)। বিশ্ব স্বাস্থ্য সংস্থার ৬৩ শতাংশ সদস্য রাষ্ট্রে মানসিক স্বাস্থ্য উন্নয়ন ও প্রতিরোধের অন্তত দুটি পৃথক কর্মসূচি রয়েছে। চলমান ৩৫০টি কর্মসূচির মধ্যে ৪০ শতাংশেরই লক্ষ্য মানসিক স্বাস্থ্য শিক্ষার প্রসার ও কুসংস্কারের বিরুদ্ধে লড়াই করা। দক্ষিণ-পূর্ব এশিয়ার ১১ টি আঞ্চলিক সদস্য রাষ্ট্রের মধ্যে ৯টির স্বতন্ত্র মানসিক স্বাস্থ্য নীতি/পরিকল্পনা রয়েছে এবং ৮টি রাষ্ট্র ২০১৩ খ্রিষ্টাব্দ থেকে তাদের নীতি/পরিকল্পনা হালনাগাদ করেছে।

মানসিক স্বাস্থ্য সমস্যা রয়েছে এমন ব্যক্তি এবং তার সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তির জীবনকাল জুড়ে দুর্দশা, প্রতিবন্ধিতা, সামাজিক বিচ্ছিন্নতা, অসুস্থতা এবং অকাল মৃত্যুহার কমানোর লক্ষ্যে ভারত ২০১৪ খ্রিষ্টাব্দে 'নিউ পাথওয়ে নিউ হোপ' শীর্ষক জাতীয় মানসিক স্বাস্থ্য নীতি হালনাগাদ করেছে এবং স্বাস্থ্যখাতে নেতৃত্বকে আরও শক্তিশালী করেছে। এই নীতিতে, চিহ্নিত কৌশলগত ক্ষেত্রগুলো হলো: কার্যকর সুশাসন ও জবাবদিহিতা, মানসিক স্বাস্থ্যের উন্নয়ন, মানসিক স্বাস্থ্য সমস্যা ও আত্মহত্যা প্রতিরোধ, মানসিক স্বাস্থ্যসেবার সর্বজনীন সহজলভ্যতা, মানসিক স্বাস্থ্যসেবায় নিয়োজিত মানব সম্পদের প্রাপ্যতা নিশ্চিতকরণ, জনগণের অংশগ্রহণ, গবেষণা ও নিরীক্ষা এবং মূল্যায়ন। শ্রীলঙ্কা সরকার 'শ্রীলঙ্কা মানসিক স্বাস্থ্য নীতি, ২০০৫-২০১৫' শিরোনামটি গ্রহণ করেছে যা সরাসরি জাতীয় ও প্রাদেশিক পর্যায়ে মানসিক স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ও পুষ্টি মন্ত্রণালয়, কলম্বো এর তত্ত্বাবধানে নির্দেশিত। থাইল্যান্ডেও একটি নিজস্ব মানসিক স্বাস্থ্য নীতি আছে যা ২০০৫ খ্রিষ্টাব্দে সর্বশেষ সংশোধন করা হয়েছিল এবং এতে সমাজ-ভিত্তিক মানসিক স্বাস্থ্য পরিষেবা উন্নয়ন, প্রাথমিক স্বাস্থ্যসেবায় মানসিক স্বাস্থ্যের উন্নয়ন এবং গুণগত মানের উৎকর্ষ বাড়ানো উপাদানগুলো অন্তর্ভুক্ত রয়েছে। ২০১৫ খ্রিষ্টাব্দে মালদ্বীপ 'জাতীয় মানসিক স্বাস্থ্য নীতি, ২০১৫-২০২৫' গ্রহণ করে যা একটি সামগ্রিক, দায়িত্বশীল ও মানসম্পন্ন সমাজ-ভিত্তিক মানসিক স্বাস্থ্যসেবার নেটওয়ার্ক সৃষ্টিতে জোর দেয় এবং যা জাতীয় স্বাস্থ্যসেবার সাথে সুসংহত হয়।

৩. বাংলাদেশে মানসিক স্বাস্থ্যের বর্তমান অবস্থা

স্বাস্থ্য অধিদপ্তরের অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ কর্মসূচির (Non Communicable Diseases Control Program-NCDC) অর্থায়নে ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার (World Health Organization) দেশীয় কার্যালয়ের সহযোগিতায় জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট (National Institute of

Mental Health) পরিচালিত জাতীয় জরিপে (২০১৮ থেকে ২০১৯) দেখা যায়, দেশের প্রাপ্তবয়স্কের মধ্যে ১৮.৭ শতাংশ এবং শিশু-কিশোরদের মধ্যে (৭-১৮ বছর বয়স সীমা) প্রায় ১২.৬ শতাংশ মানসিক স্বাস্থ্য সমস্যায় আক্রান্ত। নারীরা পুরুষদের তুলনায় মানসিক স্বাস্থ্য সমস্যায় বেশি ভোগেন (যথাক্রমে ২১.৫ শতাংশ ও ১৫.৭ শতাংশ)। নগর ও গ্রামে পরিস্থিতি প্রায় অনুরূপ। বিশ্ব স্বাস্থ্য সংস্থার সহযোগিতায় পরিচালিত আরেকটি সমাজ-ভিত্তিক জরিপে ২০০৯ খ্রিষ্টাব্দে ৫-১৭ বছর বয়সী শিশু-কিশোরের মধ্যে মানসিক স্বাস্থ্য সমস্যার হার পাওয়া গিয়েছে ১৮.৪ শতাংশ। এই গবেষণায় জানা যায় যে, ৩.৭ শতাংশ শিশু বুদ্ধি প্রতিবন্ধিতা, ২ শতাংশ শিশু মৃগী রোগ এবং ০.৮ শতাংশ শিশু অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডার (Autism Spectrum Disorder) বৈশিষ্ট্যসম্পন্ন। গবেষণায় দেখা যায় গ্রামে অবস্থান, পরিবারে পিতার শিক্ষার অভাব এবং মানসিক রোগের পারিবারিক ইতিহাসের সঙ্গে শিশুদের মানসিক স্বাস্থ্য সমস্যার উল্লেখযোগ্য সম্পর্ক রয়েছে। জন্মগত বা জন্ম পরবর্তী অসুস্থতা বা আঘাত, মা ও নবজাতকের অযত্ন এবং অপুষ্টি বাংলাদেশে শিশুদের বুদ্ধি প্রতিবন্ধিতা হবার গুরুত্বপূর্ণ কারণ। ২০১৭-২০১৮ খ্রিষ্টাব্দে, জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট এবং স্বাস্থ্য অধিদপ্তর অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ কর্মসূচির অধীনে পরিচালিত একটি জাতীয় পর্যায়ের জরিপে দেখা যায় ১৮ বছর ও তদূর্ধ্ব জনসংখ্যার ৩.৩ শতাংশ মাদক গ্রহণ করছে। আরেকটি জরিপে দেখা গিয়েছে যে, নানাবিধ দীর্ঘমেয়াদি শারীরিক অসুস্থতায় আক্রান্ত ব্যক্তিদের মধ্যে ৪২ শতাংশ গুরুতর মানসিক স্বাস্থ্য সমস্যায়ও আক্রান্ত।

বিভিন্ন গবেষণার পর্যালোচনা থেকে জানা যায় বাংলাদেশে মানসিক স্বাস্থ্য সমস্যার প্রাদুর্ভাব প্রাপ্তবয়স্কদের মধ্যে ১১.৯ শতাংশ থেকে ১৯.১ শতাংশ এবং শিশুদের মধ্যে ১০.৫ শতাংশ থেকে ১৪.৭ শতাংশ। ২০১২ খ্রিষ্টাব্দে বাংলাদেশে মৃগীরোগের চিকিৎসা সম্পর্কিত একটি গবেষণায় ৮৭ শতাংশ ক্ষেত্রে ট্রিটমেন্ট গ্যাপ (রোগ থাকা সত্ত্বেও চিকিৎসার আওতাহীন থাকা) দেখা গিয়েছে।

তরুণদের মতো বয়স্কদের মানসিক স্বাস্থ্য ও সুস্থতার বিষয়টিও গুরুত্বপূর্ণ। স্নায়বিক ব্যাধি (Neurological Disorders) ৬.৬ শতাংশ ক্ষেত্রে ডিসএবিলিটি এডজাস্টেড লাইফ ইয়ার্স (Disability Adjusted Life Years) (DALY)-এর কারণ হিসাবে বিবেচিত। ষাটোর্ধ্ব প্রাপ্তবয়স্কদের মধ্যে প্রায় ১৫ শতাংশ ব্যক্তি কোনো না কোনো মানসিক ব্যাধিতে ভোগেন।

আর্থ-সামাজিক বঞ্চনা, নিরক্ষরতা, দারিদ্র্য, বেকারত্ব, পরিবারে কারও মৃত্যু, পারিবারিক অসংগতি, বড় পরিবার (অধিকসংখ্যক সন্তান জন্মদান), যৌতুক, আর্থিক স্বাবলম্বিতার অভাব এবং কর্মসংস্থানের ক্রমবর্ধমান চাহিদা ও অন্তরায়, নারীর প্রতি প্রথাগত পারিবারিক প্রত্যাশা নারীদের মানসিক রোগের সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িত।

বিষণ্নতা (Depression) বাংলাদেশে ডায়াবেটিসের রোগীদের সহ-রোগ (Co-morbidity)। ডায়াবেটিস সংক্রান্ত একটি রোগতাত্ত্বিক গবেষণায় (Epidemiological Research) দেখা গিয়েছে অংশগ্রহণকারীর ১৫.৩ শতাংশ বিষণ্নতায় ভুগছিল। আরেকটি গবেষণায় দেখা যায় বাংলাদেশে হাসপাতাল বহির্বিভাগে আসা টাইপ ২ ডায়াবেটিস রোগীদের মধ্যে বিষণ্নতা সচরাচর পাওয়া যায় এমন একটি সমস্যা।

বাংলাদেশ প্রাকৃতিক এবং মানবসৃষ্ট বিপর্যয়প্রবণ অঞ্চল। বাগেরহাট জেলার সদর উপজেলায় পরিচালিত এক জরিপে দেখা গিয়েছে জরুরি বা দুর্যোগকালীন অবস্থায় মনোসামাজিক সমস্যাসমূহের ঝুঁকি বেড়ে যায়। ২০১৩ খ্রিষ্টাব্দের ২৪ এপ্রিল সাভারে ধসে পড়া নয়তলা ভবনে ১১৩৪ জন মানুষের মৃত্যু বাংলাদেশের অন্যতম গুরুতর মানবসৃষ্ট একটি মানবিক বিপর্যয়। এই ভবন ধসের পর জরুরি মানসিক স্বাস্থ্য সেবাদানকারী এবং মনোসামাজিক সহায়তা প্রদানকারীদের প্রদত্ত তথ্যের ভিত্তিতে পাওয়া যায় যে বিপর্যয়ের পর উদ্ধারপ্রাপ্ত ব্যক্তিরা পোস্টট্রম্যাটিক স্ট্রেস ডিসঅর্ডার (Post-traumatic Disorders) (২৬%), ম্যানিক ডিপ্রেসিভ ডিসঅর্ডার (Manic Depressive Disorders) (২০%), জেনারেলাইজড অ্যাংজাইটি ডিসঅর্ডার (Generalized Anxiety Disorders) (১৩%), একিউট স্ট্রেস ডিসঅর্ডার (Acute Stress Disorders) (১২%), স্লিপ ডিসঅর্ডার (Sleep Disorders) (১১%) এবং প্যানিক অ্যাটাক (Panic Attack) (8%) এ আক্রান্ত হয়েছেন।

কক্সবাজারে অবস্থানরত 'জোরপূর্বক বাস্তুচ্যুত মায়ানমার জনগোষ্ঠী'কে (Forcefully Displaced Myanmar Nationals- FDMNs) সরকারি-বেসরকারি বিভিন্ন হাসপাতাল ও প্রতিষ্ঠানের মাধ্যমে সমন্বিত জরুরি মানসিক স্বাস্থ্যসেবা ও মনোসামাজিক সহায়তা প্রদান করা হচ্ছে। 'Building Back Better' এর লক্ষ্য নিয়ে একটি টেকসই মানসিক স্বাস্থ্যসেবা ব্যবস্থা গড়ে তুলতে সাধারণ মানসিক সমস্যাগুলোর মোকাবিলায় নন-স্পেশালিস্টগণের যথাযথ প্রশিক্ষণ ও মূল্যায়ন করার জন্য বিশ্ব স্বাস্থ্য সংস্থার মেন্টাল হেলথ গ্যাপ অ্যাকশন প্রোগ্রাম (mhGAP) পরিচালিত হচ্ছে। প্রশিক্ষণ প্যাকেজটিতে রয়েছে এমএইচগ্যাপ (mhGAP) প্রশিক্ষণ, রিফ্রেশার কোর্স (Refresher Course) এবং পরবর্তী সময়ে পরিবীক্ষণ ও মূল্যায়ণ। নভেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ থেকে কক্সবাজার জেলার সরকারি ও বেসরকারি সংস্থার ৩০০ জনের বেশি চিকিৎসক, নার্স, মনোবিজ্ঞানী ও কাউন্সেলর এসব প্রশিক্ষণে অংশ নিয়েছেন। এতে বিশেষভাবে যেসব বিষয়ে নজর দেওয়া হয় তা হলো- (১) শ্রদ্ধা ও মর্যাদাপূর্ণ সেবা এবং যোগাযোগের দক্ষতা তৈরি করা; (২) বিষণ্নতা, আত্মহত্যা প্রবণতা, নিজের ক্ষতিসাধন (Self-harm), তীব্র মানসিক চাপ এবং পোস্টট্রমাটিক স্ট্রেস ডিসঅর্ডার (Post-traumatic Stress Disorder), শিশু-কিশোরদের মানসিক ও আচরণগত সমস্যা, গুরুতর মানসিক সমস্যা (Psychosis) এবং মৃগীরোগ (Epilepsy) এর মূল্যায়ণ ও ব্যবস্থাপনা করা। অংশগ্রহণকারীরা প্রশিক্ষণের পর মানসিক স্বাস্থ্য সমস্যার মূল্যায়ন ও ব্যবস্থাপনার ক্ষেত্রে ক্রমশ আরও আত্মবিশ্বাসী হয়ে উঠেছেন বলে মতামত দেন।

বাংলাদেশের কমপক্ষে ৩৭.৬ শতাংশ জনগণ মানসিক রোগের প্রতি নেতিবাচক মনোভাব পোষণ করেন। এ বিষয়ে অনেক প্রচলিত ভ্রান্ত ধারণা রয়েছে। ইতঃপূর্বে ২০০৩ থেকে ২০০৫ সালে পরিচালিত প্রথম জাতীয় মানসিক স্বাস্থ্য জরিপে দেখা যায়, ৫০ শতাংশেরও বেশি মানুষ বিশ্বাস করেন মানসিক অসুস্থতা অতিপ্রাকৃত কারণে হয়। বাংলাদেশে মানসিক অসুস্থতার প্রতি সামাজিক কুসংস্কার ও নেতিবাচক ভ্রান্ত ধারণার হার অনেক বেশি। এই সামাজিক কুসংস্কার ও নেতিবাচক ভ্রান্ত ধারণা মানসিক রোগীদের সক্রিয়ভাবে স্বাস্থ্যসেবা গ্রহণের ক্ষেত্রে একটি বড় বাধা হিসাবে কাজ করে।

মানসিক স্বাস্থ্য সমস্যার তুলনায় মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞের সংখ্যা খুবই কম। বাংলাদেশে প্রতি ১০০,০০০ জনসংখ্যার জন্য মানসিক স্বাস্থ্য কর্মীর সংখ্যা ছিল মাত্র ১.১৭ জন। পেশাগত বিভাজন নিম্নরূপ: ০.১৩ জন মনোরোগ বিশেষজ্ঞ, ০.০১ জন অন্যান্য বিশেষজ্ঞ চিকিৎসক, ০.৮৭ জন মানসিক স্বাস্থ্যবিষয়ক সেবিকা এবং ০.১২ জন মনোবিজ্ঞানী ও অন্যান্য পেশাদার মানসিক স্বাস্থ্যকর্মী। বেশির ভাগ মানসিক স্বাস্থ্য পেশাজীবীরা বৃহত্তর শহরগুলোতে অবস্থিত টারশিয়ারি কেয়ার সেটআপে কাজ করেন। ঢাকায় অবস্থিত জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতালে স্নাতকোত্তর প্রশিক্ষণ

প্রদানের ব্যবস্থা আছে, আছে ২০০ টি শয্যা (বর্তমানে ৪০০ শয্যা) এবং বহির্বিভাগীয় সেবা। পাবনা জেলার ৫০০ শয্যাবিশিষ্ট একটি মানসিক স্বাস্থ্য হাসপাতাল ১৯৫৭ খ্রিষ্টাব্দ থেকে সেবা প্রদান করছে। এই দুটি হাসপাতালের পাশাপাশি বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (BSMMU) এবং সরকারি ও বেসরকারি মেডিক্যাল কলেজগুলোতে অন্ত/বহির্বিভাগীয় সেবা এবং প্রশিক্ষণ সুবিধা রয়েছে। বাংলাদেশের সামরিক হাসপাতাল ও সশস্ত্র বাহিনী পরিচালিত মেডিক্যাল কলেজগুলোতেও সুসংগঠিত মানসিক স্বাস্থ্যসেবার ব্যবস্থা আছে। এদেশে প্রতি ১০০,০০০ জনসংখ্যার মানসিক রোগীর জন্য শয্যা সংখ্যা ০.৪ টি।

বাংলাদেশে উল্লিখিত ৫০টি মানসিক স্বাস্থ্য সেবাদানকারী প্রতিষ্ঠানে সমাজ-ভিত্তিক ফলো-আপ সেবার পর্যাপ্ত সুযোগ নেই। মানসিক স্বাস্থ্যে 'দিবাযত্ন' (Day Care) চিকিৎসা-সুবিধা এখনো এদেশে প্রতিষ্ঠিত হয়নি। প্রতি ১০০,০০০ জনসংখ্যার জন্য ০.৫৮ শয্যাবিশিষ্ট মোট ৩১টি কমিউনিটি মানসিক অন্তঃবিভাগ আছে এবং এই শয্যাগুলোতে রোগীদের গড় অবস্থানকাল ২৯ দিন। দেশে ১১টি কমিউনিটি আবাসিক সুবিধাসম্পন্ন হাসপাতাল রয়েছে এবং এগুলোতে ৫৫ শতাংশ শয্যা শিশু ও কিশোরীদের জন্য। ভর্তি রোগীদের ৮১ শতাংশ নারী এবং ৭৩ শতাংশ শিশু।

মানসিক স্বাস্থ্যের জন্য বরাদ্দ বাজেট মোট স্বাস্থ্য বাজেটের মাত্র ০.৫০ শতাংশ। মানসিক স্বাস্থ্য হাসপাতালগুলোতে ব্যয়ের পরিমাণ মোট মানসিক স্বাস্থ্য বাজেটের ৩৫.৫৯ শতাংশ।

প্রাথমিক স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে শক্তিশালী করে নামমাত্র বিনিয়োগের মাধ্যমে কীভাবে প্রাথমিক স্বাস্থ্যসেবা পর্যায়ে একটি কার্যকর মানসিক স্বাস্থ্য পরিষেবা দেওয়া সম্ভব- সোনারগাঁও উপজেলায় এক বছরের (২০০৮) জন্য পরিচালিত মানসিক স্বাস্থ্য কার্যক্রম তার একটি উদাহরণ সৃষ্টি করে। এতে যথাযথ প্রশিক্ষণ, তত্ত্বাবধান, সহায়তা এবং মানসিক রোগের ওষুধের প্রাপ্যতাসহ বিভিন্ন লক্ষ্য অর্জনের জন্য ভবিষ্যতের কর্মপরিকল্পনার সুপারিশ করা হয়েছিল। ২০০৭ খ্রিষ্টাব্দ থেকে স্বাস্থ্য অধিদপ্তর ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার কারিগরি সহায়তায়, প্রায় ১০,০৩০ জন চিকিৎসক, ৪,৫০০ জন নার্স এবং সাব অ্যাসিসট্যান্ট কমিউনিটি মেডিক্যাল অফিসারকে জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতালে মানসিক স্বাস্থ্যসেবা বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। তিন থেকে সাত দিনব্যাপী এই প্রশিক্ষণে সাধারণ মানসিক স্বাস্থ্য সমস্যাগুলোর শনাক্তকরণ (Screening), রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা অন্তর্ভুক্ত রয়েছে।

৪. রূপকল্প (Vision)

এই নীতির প্রত্যাশা হলো সকল মানুষের মানসিক স্বাস্থ্য ও সুস্থতা নিশ্চিত করা। মানসিক স্বাস্থ্যের উন্নয়ন, মানসিক স্বাস্থ্য সমস্যা প্রতিরোধ, চিকিৎসা ও পুনর্বাসন নির্ভর করে স্ব-ক্ষমতায়ন, সমাজ-ভিত্তিক ও পরিবার-ভিত্তিক সহায়তা, বিদ্যমান সম্পদের যথাযথ ব্যবহার ও বর্ধিতকরণ, সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় মানসিক স্বাস্থ্য সমস্যা সংশ্লিষ্ট ব্যক্তিদের অংশগ্রহণ এবং সাধারণ জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের উপর।

এই নীতির লক্ষ্য মানসিক স্বাস্থ্য সেবা প্রদানের ক্ষেত্রে দক্ষতা, উৎপাদনশীলতা, জবাবদিহিতা ও অধিকারবোধ বৃদ্ধি করে স্বনির্ভরতা এবং টেকসই উন্নয়ন নিশ্চিত করা। এই নীতি লিঙ্গ সংবেদনশীল, এটি ব্যক্তির মানবাধিকারকে সম্মান করে, অবগতিপূর্বক সম্মতি চেয়ে থাকে এবং তথ্যের গোপনীয়তা নিশ্চিত করে। জাতীয় ও আন্তর্জাতিক যৌথ প্রচেষ্টার মাধ্যমে নীতিগত বিবৃতিগুলোকে কৌশলগত কাঠামো এবং নির্দেশিকায় রূপান্তর করে মানসিক স্বাস্থ্যের উন্নয়নে ভূমিকা রাখাই এ নীতির রূপকল্প।

৫. মূল্যবোধ ও মূলনীতি (Values and Principles)

নীতিমালার প্রধান মূল্যবোধ ও নীতিগুলো হলো :

- সমতা ও ন্যায়বিচার (Equity and justice) : মানসিক স্বাস্থ্য সমস্যা আক্রান্ত ব্যক্তির সঙ্গে কোনো বৈষম্য করা হবে না এবং তারা মানসিক স্বাস্থ্য পরিষেবা, শিক্ষা, কর্মসংস্থান এবং আবাসনের সমান সুযোগ পাবেন। লিঙ্গ সমতা নিশ্চিত করা হবে। মানসিক স্বাস্থ্য সমস্যা মোকাবিলায় জাতীয় স্বাস্থ্য বাজেটের ন্যায়সংগত অংশ বরাদ্দ থাকবে।

- সমন্বিত সেবা (Integrated Care) : বিদ্যমান স্বাস্থ্যসেবা ব্যবস্থা এবং কর্মসূচিগুলোকে একীভূত করে একটি সমন্বিত মানসিক স্বাস্থ্যসেবা প্রদান করা হবে।

- প্রমাণ-ভিত্তিক পরিচর্যা (Evidence Based Care) : গবেষণা, প্রমাণ-ভিত্তিক অনুশীলন, সেবাপ্রদানকারী এবং সেবাপ্রাপ্তদের অভিজ্ঞতা ও প্রতিক্রিয়ার আলোকে এ সেবা প্রদান করা হবে।

- মান নিশ্চিতকরণ (Quality assurance) : মানসিক স্বাস্থ্যসেবা মানসম্পন্ন হতে হবে এবং সেবাদানকারী ও সেবাগ্রহীতা উভয়ের জন্য সুবিধাজনক হিসাবে বিবেচিত হতে হবে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার 'কোয়ালিটি রাইটস টুল কিট' মানসিক স্বাস্থ্য সেবার গুণগত মান এবং সেবা পাওয়ার অধিকার নিশ্চিত করবে।

- অধিকারভিত্তিক পদক্ষেপ (Rights-based approach) : মানসিক স্বাস্থ্য আইন অনুযায়ী মানসিক স্বাস্থ্য সমস্যা রয়েছে এমন ব্যক্তির মানবাধিকার ও ব্যক্তিগত মর্যাদাকে সুরক্ষা, সম্মান ও উন্নত করা হবে।

- সামগ্রিক পদক্ষেপ (Holistic Approach) : সাংস্কৃতিক ও ধর্মীয় পটভূমি এবং বিভিন্ন খাতের সেবা প্রদানকারীদের অন্তর্ভুক্তি বিবেচনা করা হবে।

- সামাজিক যত্ন (Community Care) : হাসপাতালে ভর্তি করে চিকিৎসাসেবা গ্রহণের আগে বিকল্প সামাজিক যত্নের ব্যবস্থা করা যায় কিনা তা চেষ্টা করে দেখতে হবে। মানসিক স্বাস্থ্য সমস্যা রয়েছে এমন ব্যক্তির যত্নে ন্যূনতম বিধিনিষেধ আরোপ করার চেষ্টা করতে হবে।

- আন্তঃখাতভিত্তিক সহযোগিতা (Inter-sectoral collaboration) : স্বাস্থ্য, শিক্ষা, কর্মসংস্থান, ন্যায়বিচার, আবাসন ও সামাজিক কল্যাণ, পাশাপাশি বেসরকারি সংস্থা, সুশীল সমাজ (Civil society) এবং বুদ্ধিজীবী মহলসহ একাধিক রাষ্ট্রীয় খাতের (Public Sectors) সঙ্গে অংশীদারিত্বের মাধ্যমে মানসিক স্বাস্থ্যের একটি সমন্বিত ও সহযোগিতাপূর্ণ পরিকল্পনা গ্রহণ করতে হবে।

- জীবনব্যাপী পন্থা (Life-course approach) : মানসিক স্বাস্থ্যের নীতি, পরিকল্পনা এবং পরিষেবার ক্ষেত্রে ব্যক্তি জীবনের শৈশব, বয়ঃসন্ধিকাল, বয়স্ক এবং বৃদ্ধ অবস্থার সঙ্গে পরিবর্তিত স্বাস্থ্যগত এবং সামাজিক চাহিদাগুলো বিবেচনায় নিতে হবে।

- সর্বজনীন স্বাস্থ্য সুরক্ষা (Universal Health Coverage) : মানসিক স্বাস্থ্য উন্নয়ন এবং মানসিক স্বাস্থ্য পরিষেবা সর্বজনীন স্বাস্থ্য সুরক্ষা অর্জনের জন্য অপরিহার্য বলে বিবেচিত হবে।

৬. উদ্দেশ্যসমূহ (Objectives)

এ নীতির উদ্দেশ্যগুলো হলো :

- মানসিক স্বাস্থ্যবান্ধব সুখী সমাজ প্রতিষ্ঠার লক্ষ্যে মানসিক স্বাস্থ্যের জন্য কার্যকর নেতৃত্ব ও সুশাসনকে শক্তিশালী করা;
- স্বাস্থ্যসেবার সকল স্তরে (Primary, Secondary, Tertiary) মানসিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করা, মানসিক স্বাস্থ্য সমস্যা রয়েছে এমন ব্যক্তিদের জন্য সমন্বিত সেবা সহজলভ্য করা এবং ঝুঁকিপূর্ণ ও নাজুক জনগোষ্ঠীর জন্য স্বাস্থ্যসেবার পরিসর বৃদ্ধি করা;
- মানসিক স্বাস্থ্য উন্নয়ন, মানসিক স্বাস্থ্য সমস্যা প্রতিরোধ ও এ সম্পর্কিত নেতিবাচক ভ্রান্ত ধারণাসমূহ মোকাবিলা করে এ বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা;
- পুনর্বাসনের মাধ্যমে মানসিক স্বাস্থ্য সমস্যা রয়েছে এমন ব্যক্তিদের আরোগ্য লাভের জন্য সহযোগিতা করা;
- দুর্যোগ, আঘাত ও মানবিক জরুরি অবস্থা বা পরিস্থিতিতে আক্রান্ত ব্যক্তিদের মানসিক স্বাস্থ্যসেবা এবং মনোসামাজিক সহায়তা প্রদান;
- মানসিক স্বাস্থ্য সমস্যা রয়েছে এমন শিশুকিশোর ও স্নায়ুবিকাশজনিত (Neuro-developmental) প্রতিবন্ধী ব্যক্তিদের প্রতি বিশেষ মনোযোগ দেয়া;
- উন্নত মানসিক স্বাস্থ্য নিশ্চিতকল্পে দক্ষ মানবসম্পদের প্রাপ্যতা ও সমবণ্টন নিশ্চিত করা;
- বৈজ্ঞানিক তথ্য-উপাত্ত, প্রমাণ ও গবেষণার মান উন্নয়ন করা;
- মানসিক স্বাস্থ্য সমস্যা রয়েছে এমন ব্যক্তিদের অধিকার ও সুরক্ষা নিশ্চিত করা;
- মানসিক স্বাস্থ্যের গুরুত্ব এবং মাদকদ্রব্যের অপব্যবহারের কুফল অন্তর্ভুক্ত করে শিক্ষা পাঠ্যক্রম আধুনিকায়ন করা;
- বিভিন্ন অংশীজনের প্রতিনিধিত্ব নিশ্চিত করা;
- মাদকদ্রব্যের অপব্যবহার এবং মাদকাসক্তি মোকাবিলা করার বিষয়কে গুরুত্ব দেয়া;
- আত্মহত্যার ঘটনা ও ঝুঁকি হ্রাস এবং আত্মহত্যার প্রচেষ্টা কমানো;
- মানসিক স্বাস্থ্য সমস্যা রয়েছে এমন ব্যক্তির সেবাদানকারীদের বহুখাতভিত্তিক কৌশলে সহায়তা দেয়া; এবং
- মানসিক স্বাস্থ্য পেশাজীবী এবং পরিষেবার জন্য একটি নিয়ন্ত্রক সংস্থা (Regulatory Body) স্থাপন করা।

৭. কাজের ক্ষেত্রসমূহ (Areas of action)

মানসিক স্বাস্থ্য নীতির কর্মক্ষেত্র নিম্নরূপ :

৭.১ সমন্বয় এবং সংবিধিবদ্ধ ব্যবস্থাপনা;

৭.২ অর্থায়ন;

৭.৩ সেবাসমূহের ব্যবস্থাপনা :

৭.৩.১ টেকসই মানসিক স্বাস্থ্যসেবা পদ্ধতি (Sustainable mental health service system),

৭.৩.২ স্বাস্থ্যসেবার সর্বস্তরে সমন্বয়,

৭.৩.৩ সমাজ-ভিত্তিক সেবা (Community based approach);

৭.৪ মানসিক স্বাস্থ্যের উন্নয়ন, প্রতিরোধ, চিকিৎসা ও পুনর্বাসন;

৭.৫ স্বাস্থ্যসেবার সকল স্তরে মানসিক স্বাস্থ্যসেবা ব্যবস্থাপনা;

৭.৬ ঝুঁকিপূর্ণ ও নাজুক জনগোষ্ঠীর মানসিক স্বাস্থ্যসেবা;

৭.৭ মানসিক স্বাস্থ্যসেবা প্রদানকারী সংস্থা ও ব্যক্তির নিবন্ধন এবং সনদ মূল্যায়ন;

৭.৮ মানসিক স্বাস্থ্য পেশাজীবীগণের নৈতিকতা চর্চা ও তদারকি;

৭.৯ গবেষণা ও প্রমাণভিত্তিক নির্দেশিকা (Guidelines) প্রণয়ন এবং এর সর্বোত্তম অনুশীলন;

৭.১০ শৈশবে মানসিক স্বাস্থ্য এবং স্নায়ুবিকাশজনিত (Neuro-developmental) প্রতিবন্ধিতা;

৭.১১ মাদক ও অন্যান্য আসক্তিজনিত সমস্যা;

৭.১২ প্রাকৃতিক ও মানবিক বিপর্যয়ে জরুরি মানসিক স্বাস্থ্য সংকট;

৭.১৩ আত্মহত্যার প্রবণতা ও ঝুঁকি হ্রাস;

৭.১৪ পুনর্বাসন (Rehabilitation);

৭.১৫ ই-মানসিক স্বাস্থ্যসেবা (e-mental health Services);

৭.১৬ রোগী ও সেবাদানকারীদের অধিকার সংরক্ষণ এবং সেবাসমূহ সহজীকরণ, সেবাসমর্থন, নিয়ম লঙ্ঘনের ক্ষেত্রে যথাবিহিত ব্যবস্থা গ্রহণ।

৭.১ সমন্বয় এবং সংবিধিবদ্ধ ব্যবস্থাপনা

মানসিক স্বাস্থ্য পরিষেবা ও কর্মসূচিগুলোর মধ্যে সমন্বয় ও পরিবীক্ষণের জন্য সুপরিকল্পিত নির্দেশমালা ও কাজের শর্তাবলির ভিত্তিতে স্বাস্থ্য অধিদপ্তরের অভ্যন্তরে মানসিক স্বাস্থ্যসেবার জন্য পরিচালক-এর সমতুল্য একটি পদের নেতৃত্বে সাংগঠনিক কাঠামো (Organogram) সৃজন করা হবে। উক্ত পদে আসীন ব্যক্তির মানসিক স্বাস্থ্য সম্পর্কে প্রয়োজনীয় অ্যাকাডেমিক ও বাস্তবিক জ্ঞান থাকতে হবে এবং কোনো নৈতিকতা লঙ্ঘনের অতীত ইতিহাস থাকা চলবে না।

মানসিক স্বাস্থ্যসেবার ব্যবস্থাপনা ও মূল্যায়নের জন্য বিশ্ব স্বাস্থ্য সংস্থা-অনুমোদিত নির্দেশিকা যেমন- 'এমএইচগ্যাপ ইনটারভেনশন গাইড' (mhGAP Intervention Guide) মাঠ পর্যায়ে ব্যবহার করা যেতে পারে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার এমএইচ গ্যাপ গাইড মূলত দরিদ্র ও উন্নয়নশীল দেশের জন্য তৈরি করা হয়েছে যার মাধ্যমে মাঠ পর্যায়ে বিশেষজ্ঞ নন (Non-specialist) এমন পেশাজীবীদের দ্বারা মানসিক স্বাস্থ্যসেবা প্রদান করা সম্ভব।

৭.২ অর্থায়ন

- বিদ্যমান প্রমাণের উপর ভিত্তি করে সমাজে বিরাজমান মানসিক স্বাস্থ্য সমস্যার পরিধি ও অবস্থার সাথে সামঞ্জস্য রেখে মানসিক স্বাস্থ্যের জন্য পর্যাপ্ত তহবিল গঠনের দিকে সরকার ক্রমাগত অগ্রসর হবে।
- সময়ানুগ, টেকসই ও কার্যকরী বাজেট প্রণয়ন করা হবে।

৭.৩ সেবাসমূহের ব্যবস্থাপনা

৭.৩.১ টেকসই মানসিক স্বাস্থ্যসেবা পদ্ধতি (Sustainable mental health service system) :

- মানসিক স্বাস্থ্যসেবা ব্যবস্থা জাতীয় স্বাস্থ্য ব্যবস্থার একটি অবিচ্ছেদ্য অঙ্গ হিসাবে বিবেচিত হবে এবং জাতীয় স্বাস্থ্য নীতি ও কৌশলের মধ্যে শ্রেণিবদ্ধ হবে,
- মানসিক স্বাস্থ্যনীতি পর্যবেক্ষণ, নিরীক্ষণ ও পরিকল্পনা বাস্তবায়নের জন্য স্বাস্থ্যসেবা ব্যবস্থার সকল স্তরে টেকসই সক্ষমতা গড়ে তোলা হবে।
- সকল প্রাসঙ্গিক খাতে জাতীয় মানসিক স্বাস্থ্য কর্ম-পরিকল্পনা এবং কর্মসূচি প্রণয়ন করা হবে।
- মানসিক স্বাস্থ্যের উন্নয়ন, মানসিক স্বাস্থ্য সমস্যার প্রতিরোধ, চিকিৎসা ও পুনর্বাসনের জন্য সমন্বিত জাতীয় নির্দেশিকা ও ব্যবস্থাপনা বিধি প্রস্তুত করা হবে।
- মানসম্মত মানসিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য পর্যাপ্ত এবং যথাযথ আইন প্রণয়ন পদ্ধতি গড়ে তোলা হবে।
- মানসিক স্বাস্থ্যের সূচকগুলো প্রণয়ন করা হবে।
- সকল স্তরে নিয়মিত মান নিয়ন্ত্রণ, অধিকার-ভিত্তিক পদক্ষেপ (Rights-based approach) এবং মানসিক স্বাস্থ্য পরিষেবাগুলোর পর্যবেক্ষণ পদ্ধতি গ্রহণ করা হবে।

৭.৩.২ স্বাস্থ্যসেবার সর্বস্তরে সমন্বয়

- বিদ্যমান স্বাস্থ্যসেবা ব্যবস্থা শক্তিশালীকরণের মাধ্যমে মানসিক স্বাস্থ্যসেবাকে প্রাথমিক স্বাস্থ্যসেবা ব্যবস্থায় একীভূত করা হবে।
- প্রাথমিক স্বাস্থ্যসেবা কর্মী এবং অন্যান্য স্বাস্থ্য পেশাজীবীগণ জাতীয় নির্দেশিকা অনুযায়ী সমাজে সাধারণ মানসিক স্বাস্থ্য সমস্যাগুলোকে শনাক্ত এবং ব্যবস্থাপনা করতে পারবে, পাশাপাশি গুরুতর মানসিক স্বাস্থ্য সমস্যার রোগীদেরকে হাসপাতালের চিকিৎসা শেষে কমিউনিটিতে তাদের ফলো-আপ ও তত্ত্বাবধান করতে পারবে।
- মানসিক রোগের সাধারণ ওষুধপত্র সর্বত্র সহজলভ্য করা হবে এবং প্রশিক্ষিত পেশাজীবী/বিশেষজ্ঞদের তত্ত্বাবধানে ও পরামর্শ-অনুযায়ী যৌক্তিকভাবে প্রাথমিক স্বাস্থ্যসেবা পর্যায়ে সেগুলোর নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করা হবে।

- প্রাথমিক ও জেলা পর্যায়ের স্বাস্থ্যসেবা স্তরে রেফারেল ও ব্যাক রেফারেল (Referral and Back Referral) পদ্ধতি গড়ে তোলা হবে।
- একটি মৌলিক তথ্য ব্যবস্থা (Basic Information System) পরিবীক্ষণ এবং মূল্যায়নের জন্য সমস্ত তথ্যকে সহজলভ্য করবে।
- জেলা পর্যায়ে হাসপাতালগুলো ভর্তিযোগ্য মানসিক রোগীদের জন্য পর্যাপ্তসংখ্যক শয্যা বরাদ্দ করবে।

৭.৩.৩ সমাজ-ভিত্তিক সেবা (Community based approach)

- মানসিক স্বাস্থ্য উন্নয়ন এবং ব্যক্তির মানসিক স্বাস্থ্য পরিচর্যার জন্য পরিবারই (যতটা সম্ভব) হবে প্রাথমিক ক্ষেত্র যা ব্যক্তির সর্বোচ্চ সুবিধার প্রতি গুরুত্ব দেবে।
- মানসিক স্বাস্থ্য সমস্যা রয়েছে এমন ব্যক্তিদের সমস্যা শনাক্তকরণ এবং ব্যবস্থাপনার জন্য পরিবার ও সমাজের যৌথ প্রয়াস অব্যাহত থাকবে।
- রোগীর যত্নে সামাজিক সম্পৃক্ততা বাড়ানোর মাধ্যমে প্রাতিষ্ঠানিক মানসিক স্বাস্থ্য সুবিধার উপর থেকে চাপ কমানো হবে।
- সমাজ-ভিত্তিক সহায়ক দল (Community Support Group) বা সমাজ-ভিত্তিক মানসিক স্বাস্থ্য সেবাদানকারী দলের (Community Mental Health Team) মাধ্যমে একটি কার্যকর সমাজ-ভিত্তিক পন্থা চালু করা হবে।
- সমাজ-ভিত্তিক সেবাসমূহ, যেমন- 'হাফ ওয়ে হোম' (Half-way Home), বাড়িতে গিয়ে বিশেষ সেবা (Domiciliary Service), বাড়ি পরিদর্শন (Home Visit), দিবাযত্ন ব্যবস্থা (Day Care System) এবং শিশু, কিশোর, বয়স্ক ও ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য পরিষেবাগুলো উন্নত করা হবে।
- মানসিক স্বাস্থ্য সচেতনতা বাড়ানো, কুসংস্কার ও নেতিবাচক ভ্রান্ত ধারণা দূর করার জন্য সামাজিকভাবে মেডিক্যাল ও ননমেডিক্যাল কর্মীদের এক সঙ্গে সংযুক্ত করা হবে।
- শিক্ষা, বাসস্থান, কর্মসংস্থান, বৃত্তিমূলক অর্জন এবং সামাজিক কল্যাণে মানসিক স্বাস্থ্য সমস্যা রয়েছে এমন ব্যক্তিদের অংশগ্রহণকে সরকারি উদ্যোগ এবং সরকারি-বেসরকারি সমন্বয়মূলক কার্যক্রমের মাধ্যমে উৎসাহিত করা হবে।

৭.৪ মানসিক স্বাস্থ্যের উন্নয়ন, প্রতিরোধ, চিকিৎসা ও পুনর্বাসন

- মানসিক স্বাস্থ্যের সার্বিক উন্নয়নে সর্বজনীন ও সুনির্দিষ্ট লক্ষ্য-অনুযায়ী একটি বহুখাতভিত্তিক কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন করা হবে যা মানসিক স্বাস্থ্যের উন্নয়ন এবং মানসিক সমস্যা মোকাবিলায় যাবতীয় প্রতিবন্ধকতা, কুসংস্কার ও নেতিবাচক ভ্রান্ত ধারণা ও বৈষম্য দূরীকরণ এবং মানবাধিকার লঙ্ঘন হ্রাসে সচেষ্ট হবে, যা ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জীবনব্যাপী বিশেষ চাহিদা পূরণের জন্য কার্যকর থাকবে।

- কুসংস্কার ও নেতিবাচক ভ্রান্ত ধারনা (Stigma) হ্রাস করে মানসিক স্বাস্থ্যের প্রসারের জন্য প্রাসঙ্গিক ক্ষেত্রগুলো যেমন- শিক্ষা, শ্রম, বিচারিক ও আইনি ব্যবস্থা, পরিবহণ, পরিবেশ, স্থানীয় সরকার, ধর্মীয় বিষয়, দুর্যোগ ব্যবস্থাপনা, গৃহায়ন ও সামাজিক কল্যাণে নীতিমালা ও কর্মসূচি প্রণয়নে বিশেষ গুরুত্ব দেবে।

- মানসিক স্বাস্থ্য সমস্যা বিষয়ে সচেতনতা বৃদ্ধির কর্মসূচি এ বিষয়ক কুসংস্কার ও নেতিবাচক ভ্রান্ত ধারনা কমাতে এবং মানসিক স্বাস্থ্য সমস্যা রয়েছে এমন ব্যক্তিদের সেবা গ্রহণের আচরণ (Health seeking behaviour) পরিবর্তনে সহায়ক হবে; একই সঙ্গে জনসাধারণের মধ্যে মানসিক সমস্যার প্রকৃতি, কারণ, পরিণতি এবং চিকিৎসার পাশাপাশি পরিষেবা সম্পর্কিত জ্ঞান ও সচেতনতা বৃদ্ধিতে সাহায্য করবে।

- স্কুলভিত্তিক মনোসামাজিক কল্যাণ (School-based psychosocial well-being) বিষয়ক প্রচারণা এবং মানসিক স্বাস্থ্য সমস্যা প্রতিরোধ কর্মসূচি প্রণয়ন করা হবে যা সার্বিক স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়ন এবং ধারাবাহিক যত্ন নিশ্চিত করবে।

- পরিবারভিত্তিক মনোসামাজিক কল্যাণ (Family-based psychosocial well-being) বিষয়ক প্রচারণা এবং মানসিক সমস্যা প্রতিরোধ কর্মসূচি প্রণয়ন করা হবে।

৭.৫ স্বাস্থ্যসেবার সকল স্তরে মানসিক স্বাস্থ্যসেবা ব্যবস্থাপনা

- স্বাস্থ্যসেবার সকল স্তরে উদ্ভাবনী এবং আধুনিক প্রমাণ-ভিত্তিক পদক্ষেপ (Evidence Based Approach) প্রয়োগ করা হবে।

- একটি স্বীকৃত, সার্বিক চিকিৎসা পদ্ধতি (ফার্মাকোলজিক্যাল ও ননফার্মাকোলজিক্যাল) গড়ে তোলা হবে যা হবে মানসিক স্বাস্থ্য সমস্যা প্রতিরোধ, ব্যবস্থাপনা ও পুনর্বাসন-এর চাবিকাঠি। এই পন্থাগুলো গ্রাম ও শহর উভয় অঞ্চলের মাঝে বিকেন্দ্রীকরণ করা হবে।

- নিবন্ধিত ও যোগ্য মানসিক স্বাস্থ্য পেশাজীবীদেরকে (মনোরোগবিশেষজ্ঞ, ক্লিনিক্যাল মনোবিজ্ঞানী, কাউন্সেলিং মনোবিজ্ঞানী, শিক্ষা মনোবিজ্ঞানী, স্কুল মনোবিজ্ঞানী, সাইকোথেরাপিস্ট, কাউন্সেলর, মানসিক সেবাদানকারী নার্স, মানসিক সেবাদানকারী সামাজিক কর্মী) মানসিক স্বাস্থ্য পরিষেবার সকল পর্যায়ে যথাযথভাবে অন্তর্ভুক্ত করা হবে।

৭.৬ ঝুঁকিপূর্ণ এবং নাজুক জনগোষ্ঠীর মানসিক স্বাস্থ্যসেবা

- মানসিক স্বাস্থ্যসেবা এবং এ সম্পর্কিত কার্যক্রম বিশেষ অবস্থার এবং অবহেলিত জনগোষ্ঠীর বৈষম্যপূর্ণ ও গুরুতর মানসিক সমস্যাগুলোকে বিশেষভাবে বিবেচনা করবে। ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর মধ্যে আছে শিশু, নারী, অনগ্রসর সম্প্রদায় (গৃহহীন ব্যক্তি, বন্দি, আদিবাসী গোষ্ঠী, লিঙ্গ বৈচিত্র্যময় জনগোষ্ঠী (Gender diverse polpulation)), বয়স্ক ব্যক্তি, প্রতিবন্ধী ব্যক্তি, দীর্ঘমেয়াদি শারীরিক অসুস্থতায় আক্রান্ত ব্যক্তি (যেমন- ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ, দীর্ঘমেয়াদি ফুসফুসের রোগ, ক্যান্সার ইত্যাদি), সংক্রামক রোগে আক্রান্ত ব্যক্তি (যেমন- যক্ষা, এইচআইভি বা এইডস, কুষ্ঠরোগ ইত্যাদি), মানসিক সমস্যাযুক্ত অন্তঃসত্ত্বা নারী (যেমন- প্রসবপূর্ব ও পরবর্তী বিষণ্নতা, প্রসব-পরবর্তী মনোবৈকল্য (Psychosis)) এবং দুর্যোগ, বিপর্যয়, সহিংসতা ও মানবিক বিপর্যয় থেকে রক্ষা পাওয়া ব্যক্তিবর্গ এবং সহিংসতা বা নির্যাতনের মুখোমুখি হওয়া নারী ও শিশু।

- শিশু-কিশোরদের মানসিক স্বাস্থ্যসম্পর্কিত পদক্ষেপগুলো বিদ্যমান আইন অর্থাৎ শিশু অধিকার সুরক্ষা আইন এবং স্নায়ুবিকাশজনিত (Neuro-developmental) প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন, ২০১৩-এর সঙ্গে সাংঘর্ষিক হবে না।
- ঝুঁকিপূর্ণ ও নাজুক জনগোষ্ঠীর জন্য মানসিক স্বাস্থ্যসেবা প্রয়োজন-অনুযায়ী সমাজভিত্তিক এবং হাসপাতালভিত্তিক হবে, গ্রাম ও শহর উভয় ক্ষেত্রে স্থানীয় জনগণের অংশগ্রহণ নিশ্চিত করা হবে।
- সাধারণ স্বাস্থ্যশিক্ষা কর্মসূচিতে মানসিক স্বাস্থ্যশিক্ষা বিষয় অন্তর্ভুক্ত করা হবে যা স্বাস্থ্যকর্মীদের মাধ্যমে প্রদান করা হবে।
- স্কুল, এতিমখানা, শিশু পল্লী, শিশু সংশোধনাগার এবং কারাগারের মতো পরিবেশেও শিশু এবং কারাবন্দিদের জন্য মানসিক স্বাস্থ্য উন্নয়নের অন্তর্ভুক্তি নিশ্চিত করা হবে।
